

ফ্রি টুল দিয়ে ড্রাইভ ক্লোন করা

তাসনুভা মাহমুদ

ডিস্ক ক্লোনিং সাপোর্ট করে প্রয়োজনীয় মাল্টিপল ব্যবহার। বিভিন্ন কারণে ড্রাইভ ক্লোনিং বেশ সহায়ক ভূমিকা পালন করতে পারবে, যেমন— প্রাথমিকভাবে যখন আপনি পিসির একটি ড্রাইভকে আরেকটি ড্রাইভ দিয়ে প্রতিস্থাপন করবেন, হতে পারে তা মূল ড্রাইভের চেয়ে সাইজে বড় বা অধিকতর দ্রুতগতির বা যদি কোনোটি না হয়।

এ ধরনের ক্লোনিং অপারেশন উইন্ডোজ পিসিতে কঠিন হয়ে পড়েছে, বিশেষ করে যখন রিপ্রেসযোগ্য ড্রাইভটি হবে বুট/সিস্টেম ড্রাইভ, অর্থাৎ পিসি স্টার্টআপ অথবা রিস্টার্ট করা হলে মেশিনকে বুটআপ করার জন্য ব্যবহৃত ফাইলগুলো যেমন এটি ধারণ করে, তেমনই ধারণ করে অপারেটিং সিস্টেম ফাইল উইন্ডোজ রান করানোর জন্য ব্যবহৃত ফাইলগুলো। মেশিন বুট এবং রান করে যখন অপারেশন শেষ হয়। পুরনো ড্রাইভ অপসারিত হয় এবং নতুন ড্রাইভ এর জায়গায় বসে।

ডিস্ক ক্লোনিং

সঙ্গানুযায়ী ডিস্ক ক্লোনিংয়ের অর্থ হলো একটি কমপিউটার স্টোরেজ ডিভাইসের অন্য আরেক জায়গায় সত্যিকার এবং বিশ্বাসযোগ্য কপি। এ নামটি আসে সেই স্পিনিং ধরনের হার্ডড্রাইভের সময় থেকে। কিন্তু এখন কমন হার্ডডিস্ক (HDS) হিসেবে ব্যবহার হয় সলিড স্টেট ডিস্ক (SSDs)। এর অর্থ হচ্ছে একটি স্টোরেজ ডিভাইসের কনটেন্টকে অন্য আরেকটি স্টোরেজ ডিভাইসে কপি করা, যেখানে উভয় সোর্স এবং টার্গেট হতে পারে একটি এইচডি অথবা একটি এসএসডি। আসলে এখনও প্রায় ফ্লেক্সেই সোর্স হলো একটি এইচডি এবং একটি টার্গেট ডিস্ক হলো এসএসডি, যখন একটি বুট/সিস্টেম ডিস্ককে ক্লোনিংয়ের জন্য ফোকাস করা হয়।

সাধারণত একটি ক্লোনিং অপারেশন ফলস্বরূপ উদ্ভূত হয় দুইভাবে—

- * ফাইলসমূহ সোর্স ডিস্ক থেকে সরাসরি কপি হয় টার্গেট ডিস্কে।
- * সোর্স ডিস্কের কনটেন্ট ইমেজ ফাইলে রিটেন হয় এবং ওই ইমেজ ফাইল পরে ব্যবহার হয় কনটেন্টকে টার্গেট ডিস্কে রাইট করার জন্য।

যদিও দ্বিতীয় প্রচেষ্টাটি কিছুটা সময় সাপেক্ষ ব্যাপার এবং এর জন্য দরকার স্পেশাল সফটওয়্যার। বিভিন্ন কারণে অনেক ব্যবহারকারীর কাছে এ প্রক্রিয়াটি ডিস্ক ক্লোনিংয়ের পছন্দের প্রচেষ্টার। এগুলোর মধ্যে প্রথমটি হলো যতদিন পর্যন্ত ডিস্ক ইমেজ থাকবে, ততদিন পর্যন্ত টার্গেট ড্রাইভের সমস্যা (অথবা সিস্টেম ওই ড্রাইভে রাইটিংয়ে বিজড়িত থাকে) ক্লোনিং অপারেশনকে প্রতিহত করতে পারবে না এর কাজ সম্পন্ন করার ক্ষেত্রে।

ডিস্ক ক্লোনিংয়ের জন্য কী দরকার?

কর্মক্ষেত্রের চর্চায় ডিস্ক ক্লোনিং মাল্টিপল ইউজারসহ নিচে বর্ণিত বিষয়গুলো সাপোর্ট করে—

স্টোরেজ ডিভাইস আপগ্রেড : একটি পুরনো ডিস্কের কনটেন্টকে নতুন ডিস্কে মুভ করলে সাধারণত পারফরম্যান্স উন্নত হয়, ক্যাপাসিটি বৃদ্ধি পায় অথবা ক্যাপাসিটি ও পারফরম্যান্স উভয়ই উন্নত হয়।

সম্পূর্ণ সিস্টেম ব্যাকআপ : একটি আইডেন্টিক্যাল ডিভাইসে একটি ড্রাইভের ক্লোন তৈরি করা সহজ, যদি এটি ড্যামেজ হয়, করাস্ট করে অথবা আনস্ট্যাবল হয়ে পড়ে, তাহলে অরিজিনালে রিপ্রেস করতে হয়।

সিস্টেম মোছা ও রিস্টোর করা : এ কাজটি হলো ডিস্কের কনটেন্ট দূর করা তথা মুছে ফেলা এবং নতুনের মতো প্রতিস্থাপন করা, ওএস ও অ্যাপ্লিকেশনের পরিষ্কার কপি। ভাইরাস ও ম্যালওয়্যার সংক্রমণ সম্পূর্ণরূপে অপসারণ করার জন্য এটি একটি সাধারণ কৌশলের উদাহরণ মাত্র। এখানে ইমেজ তৈরি করা হয়েছে ক্লোন করার জন্য, যা মূলত ব্যবহার হয় অরিজিনাল ডিস্ক রিবিল্ট করার জন্য।

অন্য ব্যবহারকারীর কাছে কমপিউটার দেয়া : পূর্বে তৈরি করা ইমেজ রিস্টোর করার মাধ্যমে ইউজার প্রথমবারের মতো সিস্টেমে লগ করলে একটি কমপিউটারের ফ্যাক্টরি ডিফল্ট (অথবা প্রথম বুটআপ) অবস্থায় রিস্টোর হবে। এটি বিক্রির জন্য অনেক ব্যবহারকারীর কাছে কমপিউটার তৈরি করার পছন্দনীয় প্রক্রিয়া অথবা এক ব্যবহারকারীর কাছ থেকে আরেক ব্যবহারকারীর কাছে কমপিউটার হস্তান্তরের।

উইন্ডোজ ১০-এ যেভাবে একটি

ড্রাইভের ক্লোন করবেন?

ডিস্ক ক্লোনিংয়ের জন্য যেমন ইমাজিন ব্যবহার করা যায়, তেমনই ব্যবহার করা যায় ব্যাকআপ ও রিকোভারের জন্য। সার্বিক প্রসঙ্গে ডিস্কের একটি ইমেজ তৈরি করা হয় যে ডিস্কের ক্লোন তৈরি করতে হবে। এরপর ওই ইমেজকে রিস্টোর করতে হবে একটি ভিন্ন ড্রাইভে। অভিজ্ঞদের পরামর্শ নিচে উল্লিখিত দুটি ফ্রি টুলের মধ্যে একটি ব্যবহার করতে পারেন উইন্ডোজ ১০-এ ড্রাইভ ক্লোনিংয়ের জন্য।

AOMEI Backupper স্ট্যান্ডার্ড ফ্রি সফটওয়্যার ব্যবহার করে

উইন্ডোজ ১০-এ AOMEI Backupper স্ট্যান্ডার্ড ফ্রি সফটওয়্যার, যা হার্ডড্রাইভ ক্লোন করার সুযোগ দেয়। এমনকি বেশি ডাটার ক্যাপাসিটির হার্ডড্রাইভ থেকে কম ডাটার ধারণ ক্ষমতার হার্ডডিস্কে কোনো বাধা-বিপত্তি ছাড়াই

খুব সহজেই প্রোথাম রান করে। সাধারণত এ সফটওয়্যার শুধু হার্ডডিস্কের বিদ্যমান ডাটার ক্লোন তৈরি করতে পারে। তবে এটি প্রদান করে ‘Sector by sector’ অপশন, যা আপনার ডিলিট করা ডাটার ক্লোন করতে সক্ষম। এ ছাড়া এটি উইন্ডোজ ১০-এর ৩২ বিট ও ৬৪ বিট সাপোর্ট করে। এ কাজ শুরু করার আগে যা করতে হবে—

- * ক্লোনিংয়ের পর টার্গেট হার্ডড্রাইভের সব ডাটা অথবা এসএসডি কাভারড হয়ে পড়বে। সুতরাং টার্গেট হার্ডড্রাইভের কোনো গুরুত্বপূর্ণ ডাটা আছে কি না, সে ব্যাপারে নিশ্চিত হয়ে নিন। যদি থাকে, তাহলে আগে থেকেই এক্সটারনাল হার্ডড্রাইভে ব্যাকআপ করে নিন।
- * যদি AOMEI Backupper উইন্ডোজ অপারেটিং সিস্টেমের অন্তর্গত ব্যবহার হতে থাকে, তাহলে সিস্টেম ডিস্কে শুধু সোর্স ডিস্ক হিসেবে সেট করা যেতে পারে, তবে টার্গেট ডিস্ক হিসেবে সেট করা যেতে পারে না।
- * যদি টার্গেট ডিস্ক একটি ডায়নামিক ডিস্ক হয়, তাহলে আপনাকে প্রথমে ডায়নামিক ডিস্ককে একটি বেসিক ডিস্কে রূপান্তর করতে হবে।
- * শুধু অপারেটিং সিস্টেমকে অন্য ডিস্কে অথবা একটি নতুন এসএসডিতে মাইগ্রেট করতে চাইলে AOMEI Backupper Pro এডিশনে ব্যবহার করুন ‘System Clone’। এতে প্রচুর সময় ও শক্তি সাশ্রয় হয় ইনস্টল করা অ্যাপ্লিকেশন এবং ড্রাইভার না হারিয়ে। এবার অ্যাডভান্স ফিচার উপভোগ করার জন্য প্রফেশনাল ভার্সনে আপগ্রেড করলেই হবে।

ফ্রি AOMEI Backupper ব্যবহারে হার্ডড্রাইভ ক্লোন করা

ধাপ-১ : AOMEI Backupper ডাউনলোড করে ইনস্টল করুন। এরপর AOMEI Backupper স্ট্যান্ডার্ড ওপেন করে ইন্টারফেসের বাম দিকে Clone-এ ক্লিক করে Disk Clone বেছে নিন।



চিত্র-১ : AOMEI Backupper-এর মূল ইন্টারফেস

ধাপ-২ : এবার সোর্স হার্ডড্রাইভ সিলেক্ট করুন, যেটি ক্লোন করতে চাচ্ছেন। এরপর Next-এ ক্লিক করুন কাজ চালিয়ে নেয়ার জন্য।
ধাপ-৩ : এবার পরবর্তী উইন্ডোতে টার্গেট হার্ডড্রাইভ (এটি হতে পারে এইচডি অথবা এসএসডি, চিত্রে Disk-1)।

ধাপ-৪ : এবার পরবর্তী উইন্ডোতে Start Clone সিলেক্ট করা।

টিপস

‘Edit the partitions on the destination disk’ অপশন পাটিশন রিসাইজ করার সুযোগ দেয়, যাতে হার্ডড্রাইভের পূর্ণ ক্যাপাসিটি ব্যবহার করা যায় যখন একটি ছোট হার্ডড্রাইভকে ক্লোন করা হয় বড় হার্ডড্রাইভে। (বাকি অংশ ৬৮ পৃষ্ঠায়)